

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৮

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ আল্লাহর সীমা পালনকারী ও তা লজ্যনকারী ব্যক্তিদেরকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম গভীর সমুদ্রে সফরকারী ব্যক্তিদের সাথে উপমা দিয়েছেন

ذِكْرُ تَمْثِيلِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الرَّاكِبَ حُدُودَ اللَّهِ وَالْمُدَاهِنَ فِيهَا مَعَ الْقَائِمِ بِالْحَقِّ بِأَصْحَابِ مركبٍ رَكِبُوا لَجَّ الْبَحْرِ

আরবী

أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مُطَرِّف عَنِ الشَّعْبِيِّ عَنِ النَّعْمَانِ بْنِ بَشِيرٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (الْمُدَاهِنُ فِي حَدُودِ اللَّهِ وَالرَّاكِبُ حُدُودَ اللَّهِ وَالْآمِرُ بِهَا وَالنَّاهِي عَنْهَا كَمَثَلِ قَوْمٍ اسْتَهَمُوا فِي سَفِينَةٍ مِنْ سُفُنِ الْبُحْرِ فَأَصَابَ أَحَدُهُمْ مُؤَخَّرَ السَّفِينَةِ وَأَبْعَدَهَا مِنَ الْمِرْفَقِ وَكَانُوا سُفَهَاء مِنْ الْمُرْفَقِ وَكَانُوا إِذَا أَتُواْ عَلَى رِجَالِ الْقَوْمِ آذَوْهُمْ فَقَالُوا: نَحْنُ أَقْرَبُ أَهْلِ السَّفِينَةِ مِنَ الْمَرْفَقِ وَكَانُوا اللَّهِ وَالْمَرْفَقِ وَكَانُوا اللَّهُ مِنَ الْمَرْفَقِ وَكَانُوا اللَّهُ عَلَى رَجَالِ الْقَوْمِ آذَوْهُمْ فَقَالُوا: نَحْنُ أَقْرَبُ أَهْلِ السَّفِينَةِ فَقَالَ مَنْ الْمَرْفَقِ وَأَبْعَدُهُمْ مِنَ الْمَاءِ فَتَعَالَوْا نَخْرِقْ دَفَّ السَّفِينَةِ ثُمَّ نَرُدُّهُ إِذَا اسْتَغْنَيْنَا عَنْهُ فَقَالَ مَنْ الْمَرْفَقِ وَأَبْعَدُهُمْ مِنَ الْمَاءِ فَقَالَ مَنْ الْمَرْفَقِ وَأَبْعَدُكُمْ مِنَ السَّفِينَةِ فَقَالَ مَنْ الْمَرْفَقِ وَأَبْعَدُكُمْ مِنَ السَّفِينَةِ فَقَالَ مَنْ الْمَعْدِ وَقَالَ: لَا تَفْعَلْ قَالَى: نَحْنُ أَقْرَبُكُمْ مِنَ المِرْفَقِ وَأَبْعَدُكُمْ مِنْهُ أَخْرِقُ دَفَّ السَّفِينَةِ فَقَالَ: لَا تَفْعَلْ قَالَ: السَّقِينَةِ تَمُلْكُ وَنَهُلِكُ.)

الراوي: النَّعْمَان بْن بَشِيرٍ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصدة أو الرقم: 298 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৯৮. নু'মান বিন বাশীর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: "আল্লাহর সীমা লজ্যনকারী ও আল্লাহর সীমা পালনকারী, সৎকাজের আদেশ দানকারী, অসৎ কাজে বাঁধা দানকারীর দৃষ্টান্ত হলো ঐ লোকদের মতো যারা সমুদ্রে কোন



জলযানে নিজেদের জায়গার জন্য লটারী করে। তাদের মাঝে এক লোকের জলযানের শেষ প্রান্তে সুবিধাজনক জায়গা থেকে দূরে জায়গা পায়। তারা কিছুটা বোকা ছিলো। তারা যখন অন্যান্য লোকদের পাশ দিয়ে যাতায়াত করতো, তখন তারা তাদের কষ্ট দিতো, ফলে তারা বললো: "আমরা তো সুবিধাজনক জায়গার নিকটবর্তী, পানি থেকে দূরবর্তী। কাজেই চলো আমরা জলযানের এক পার্শ্ব ফেঁড়ে ফেলি অতঃপর যখন আমাদের প্রয়োজন পূরণ হবে, তখন পূর্বের অবস্থায় রেখে দিবো! তখন তাদের মধ্যে এক নির্বোধ লোক বললো: "ঠিক আছে, তাই করো।" ফলে তারা জলযানের নিম্নভাগে আঘাত করার জন্য কুড়াল নিতে উদ্যত হলো। এসময় একজন জ্ঞানী লোক তাকে দেখে বললো: "তুমি কী করছো?" সে বললো: "আমরা তোমাদের চেয়ে সুবিধাজনক জায়গার অধিক নিকটবর্তী, তোমাদের থেকে দূরবর্তী। কাজেই আমরা জলযানের এক পার্শ্ব ফেঁড়ে ফেলবো অতঃপর যখন আমাদের প্রয়োজন পূরণ হবে, তখন আবার ঠিক করে দিবো!" তখন তিনি বললেন: "তুমি এরকম করো না। কারণ তুমি যদি এরকম করো, তবে তুমিও ধ্বংস হবে, সাথে আমরাও ধ্বংস হবো।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/২৭০, ২৭৪; সহীহ আল বুখারী: ২৪৯৩; তিরমিযী: ২১৭৩; সুনান বাইহাকী: ১০/৯১; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪১৫১; আত তায়ালিসী: ৭৮৮; সহীহ মুসলিম: ১৫৯৯; ইবনু মাজাহ: ৩৯৮৪; দারেমী: ২/২৪৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ; ৬৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🗆 বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন